



# আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়

অঞ্চল-৩

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৪৫, শহীদ তাজউদ্দিন সড়ক, মহাখালী, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং- ৪৬.১০.০০০০.০৮৮.৫২.১৮- ৩৩০

তারিখ- ০৮.৪.২০১৮ খ্রিঃ

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, অঞ্চল-৩ এর আওতাধীন গুলশানস্থিত শহীদ ডাঃ ফজলে রাব্বি পার্ক (গুলশান সাউথ পার্ক), গুলশান পার্ক (ওয়ান্ডারল্যান্ডের পিছনে), রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহম্মদ পার্ক (গুলশান ট্যাংক পার্ক), বনানী পার্ক ও রাস্তার মিড আইল্যান্ডে অবস্থিত ডিএনসিসি'র মালিকানাধীন ফলজ বৃক্ষের ২০১৮ খ্রিঃ এর চলতি মৌসুমের ফল প্রকাশ্যে নিলামে বিক্রয় করা হবে। প্রত্যেক নিলাম ডাককারীকে নিলামস্থানে নিলাম পরিচালকের নিকট জামানত বাবদ নগদ ৫,০০০/০০ (পাঁচ হাজার) টাকা জমা দিতে হবে। সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম সম্পন্ন হওয়ার সাথে সাথে ডাকের সম্পূর্ণ অর্থ, আয়কর বাবদ ৫%, ভ্যাট বাবদ ১৫% ও ১.৫% অর্থ একসাথে নগদে পরিশোধ করতে হবে। কোন প্রকার চেক গ্রহণ করা হবে না। অন্যথায় জামানতের টাকা বাজেয়াপ্ত করতঃ নিলাম বাতিল করা হবে।

নিলামের তারিখ	নিলামের স্থান	নিলামের সময়
১২-০৪- ২০১৮ খ্রিঃ	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষ	সকাল ১১.০০টা

### শর্তসমূহঃ

- ১। ফল সংগ্রহকালে গাছ পালার কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না।
- ২। রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহম্মদ পার্ক (গুলশান ট্যাংক পার্ক) এর ক্ষেত্রেঃ
  - ক। কার্যাদেশ প্রাপ্ত দরদাতা ফল পাহারা/দেখাশুনা করার জন্য সর্বোচ্চ ০৩ (তিন) জন লোক নিয়োগ করতে পারবেন। নিয়োগকৃত ব্যক্তিদের ছবিসহ পরিচিতিপত্র আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরে গ্রহণ করতে হবে এবং পার্কে চলাচলের সময় পরিচিতিপত্র গলায় বা বুকে ঝুলিয়ে রাখতে হবে।
  - খ। ফল সংগ্রহের পূর্বের দিন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে লিখিতভাবে জানাতে হবে।
  - গ। সকাল ১০.০০টা হতে বিকাল ৩.০০টা পর্যন্ত ফল সংগ্রহ করা যাবে।
  - ঘ। সংগৃহীত ফল কোন অবস্থাতেই পার্কের ভিতরে ক্রয়/বিক্রয় করা যাবে না।

স্বাক্ষরিত/-

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা

অঞ্চল-৩

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. জেলা প্রশাসক, ঢাকা। নির্ধারিত তারিখে একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২. সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল (১- ৫), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেমস্ এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। বিজ্ঞপ্তি ডিএনসিসি'র “ওয়েব সাইট” এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৬. মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. বিভাগীয় বন কর্মকর্তা, ঢাকা সামাজিক বন বিভাগ, ৩৩ বেইলী রোড, ঢাকা ( নির্ধারিত তারিখে একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো )।
৯. নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-৩, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সহঃ প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, অঞ্চল-৩, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১. নোটিশ বোর্ড।
১২. অফিস কপি।

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা

অঞ্চল-৩

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।